# দ্বিতীয় অনুরোধ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১(শরীয়ত:)/২০০৮-৪৬৩

তারিখঃ ০২ পৌষ ১৪২৭ / ১৭ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং-২১৮/২০১৪ (রিট পিটিশন নং-৮৪০৪/২০০৭ হতে উদ্ভুত) মামলার নির্দেশনা অনুযায়ী শরীয়তপুর জেলার গোসাইরহাট উপজেলাধীন চর সামন্তসার মোহসেনিয়া ফাযিল (স্নাতক) মাদ্রাসার অধ্যক্ষসহ ০৬ জন শিক্ষকের বকেয়া বেতন ভাতাদি (এমপিও) পরিশোধের বিষয়ে নির্দেশনা প্রদান।

সূত্র:
(১) রিট পিটিশন নং-৮৪০৪/২০০৭ মামলার রায়, তারিখ: ২৩.০৮.২০০৯।
(২) কনটেম্পট পিটিশন নং-২১৮/২০১৪ মামলার রুলিং, তারিখ: ২২.০৭.২০১৪ খ্রি.।
(৩) মাউশি অধিদপ্তরের প্যানেল আইনজীবীর মতামত, তারিখ: ১৯.০৩.২০১৭ খ্রি.।
(৪) মাউশি অধিদপ্তরের এমপিও সংক্রান্ত কমিটির কার্যবিবরণী, তারিখ: ২৫.০৫.২০১৭ খ্রি.।
(৫) জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর এর স্মারক নং-জে:শি:অ:/শরী:/২০১৭/৩১৯ তারিখ: ১৮.০৭.২০১৭ খ্রি.।
(৬) মাউশি অধিদপ্তরের স্মারক নং-১জি-২৪বি:২০০৯/২০৭৪/৮ বিশেষ, তারিখ: ১৬.০৮.২০১৭ খ্রি.।
(৭) মাউশি অধিদপ্তরের স্মারক নং৩৭.০২.০০০০.১০৮.০৪.১৮/২৩৯/৭ বিশেষ, তারিখ: ১২.০৪.২০১৭ খ্রি.।
(৮) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১.শরীয়ত:/২০০৮-১৭৭ তারিখ: ২৭.০৩.২০১৯ খ্রি.।
(৯) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৩.১৮-১১০, তারিখ: ২৩.০৪.২০১৯ খ্রি.।
(১০) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১(শরীয়ত:)/২০০৮-৩০৮, তারিখ: ১৬.০৬.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলার গোসাইরহাট থানাধীন চর সামন্তসার মোহসেনিয়া ফাযিল (স্নাতক) মাদরাসার অধ্যক্ষসহ ০৬ জন শিক্ষক কর্তৃক তাঁদের বকেয়া বেতন ভাতাদি পাওয়ার নিমিত্ত মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮৪০৪/২০০৭ দায়ের করা হয়।

০২। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় (রিট পিটিশন নং-৮৪০৪/২০০৭) গত ২৩.০৮.২০০৯ খ্রি. তারিখে নিম্নরুপ রায়/আদেশ প্রদান করা হয়:

"The respondens are hereby directed to enlist the names of the petitioners in the MPO if not enlisted by this time and to pay salary with arrear to all the writ petitioners within 15 days from the date of receipt of the copy of this order."

০৩। পরবর্তীতে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৯.০১.২০১১ খ্রি. তারিখে ১৭ সংখ্যক পত্রমুলে একাধিক রিট মামলার সাথে উক্ত রিট মামলার (রিট পিটিশন নং-৮৪০৪/২০০৭) রায় বাস্তবায়নের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হলে মাউশি অধিদপ্তর কর্তৃক নিম্নোক্ত ০৬ (ছয়) জন পিটিশনারকে (৪) নং কলামে বর্ণিত তারিখ হতে কার্যকর করে এমপিওভুক্ত করা হয়:

| ক্রমিক | নাম, পদবি ও ইনডেক্স নম্বর | বেতন কোড | এমপিওভুক্তির তারিখ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১ | এ. এস. এম এছহাক মিয়া, অধ্যক্ষ, ইনডেক্স নং-০৪০৮৬৭ | ০৫ | ০১.০৬.২০১০ খ্রি. । |
| ০২ | মো: নাসির উদ্দিন, প্রভাষক (আরবী), ইনডেক্স নং-২০৩২১৯৩ | ০৯ | ০১.০৭.২০১০ খ্রি.। |
| ০৩ | মো: নূর উদ্দিন, প্রভাষক (ইতিহাস), ইনডেক্স নং-২০২৮৫২১ | ০৯ | ০১.০৭.২০১০ খ্রি.। |
| ০৪ | মো: আ: হাকিম, প্রভাষক (আরবী), ইনডেক্স নং-২০২৮৫২০ | ০৯ | ০১.০৫.২০১১ খ্রি.। |
| ০৫ | মো: গোলাম রহমান, প্রভাষক (বাংলা), ইনডেক্স নং-২০৯১০৭৫ | ০৯ | ০১.০১.২০১২ খ্রি.। |
| ০৬ | মো: ইমরান হোসেন, প্রভাষক (ইংরেজি), ইনডেক্স নং-২০৯১০৭৬ | ০৯ | ০১.০১.২০১২ পর্যন্ত। |

০৪। মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী বর্ণিত শিক্ষকগণকে এমপিওভুক্তির ক্ষেত্রে বকেয়া প্রদান না করায় পিটিশনারগণ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-২১৮/২০১৪ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট পিটিশন মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক কারণ দর্শানোর নোটিশ ইস্যু করা হলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মচারীগণের এমপিওভুক্তি অনুমোদনের নিমিত্ত (মাউশিতে) গঠিত চূড়ান্ত কমিটির ২৫.০৫.১৭ খ্রি. তারিখের সভায় উপরিউক্ত ০৬ জন শিক্ষকের বকেয়া এমপিও বিষয়ে নিম্নরুপ সিদ্ধান্ত হয় :

"কনটেম্পট পিটিশন নং-২১৮/২০১৪ এর উল্লিখিত ০৬ জন শিক্ষক নতুন পদে যোগদানের পরেও কিভাবে পূর্ববর্তী পদের বেতন ভাতা উত্তোলন করেছেন তার সুস্পষ্ট ব্যাখ্যা চেয়ে এবং তাদের মাসওয়ারী "ছক" আকারে বেতন ভাতার হিসাব বিবরণী চেয়ে প্রতিষ্ঠান প্রধান ও সভাপতিকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বর্ণিত মাদরাসার ০৬ জন শিক্ষকের বকেয়া বেতন ভাতার হিসাব যথাযথভাবে নিজ তত্ত্বাবধানে যাচাই-বাছাই পূর্বক মন্তব্যসহ জরুরিভিত্তিতে জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুরকে পত্র প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।"

০৫। এমপিও অনুমোদন কমিটি কর্তৃক উপরিউক্ত সিদ্ধান্ত মোতাবেক জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুরকে বর্ণিত ০৬ জন শিক্ষকের বিষয়ে তথ্য উপস্থাপন করার নির্দেশনা দেয়া হলে জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর কর্তৃক উল্লিখিত ০৬ জন শিক্ষকের বকেয়া হিসাব মাউশি অধিদপ্তরে উপস্থাপন করা হয়।

চলমান পৃষ্ঠা/২

০৬।  মাউশি অধিদপ্তর কর্তৃক সূত্র (৬) মূলে উক্ত ০৬ (ছয়) জন শিক্ষকের বকেয়া বেতন ভাতার (এমপিও) হিসাব পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয় । বর্ণিত ০৬ জন শিক্ষককে বকেয়া বেতন ভাতাদি (এমপিও) প্রদানের বিষয়ে মাউশি অধিদপ্তরের মতামতের সাথে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একমত পোষণ করা হয়।

০৭।  DME (মাদরাসা শিক্ষা অধিদপ্তর) কর্তৃক সূত্র (৯) মূলে আরো উল্লেখ করা হয় যে, প্রতিষ্ঠানটি আলিম স্তরের স্বীকৃতি লাভের পর ২৪.১০.৯৫ খ্রি. তারিখের জনবল কাঠামো অনুযায়ী বর্ণিত ০৬ জন শিক্ষক স্ব-স্ব নতুন পদে যোগদান করেন। আলিম স্তর এমপিওভুক্ত না হওয়ায় স্ব-স্ব নতুন পদে যোগদানকৃত উল্লেখিত ০৬ জন শিক্ষক পূর্ববর্তী পদের বেতন ভাতাদি উত্তোলন করেছেন মর্মে জানা যায়। বকেয়া হিসাব নির্ণয় করার ক্ষেত্রে পূর্ব পদের প্রাপ্ত বকেয়া বেতন ভাতাদির (এমপিও) হিসাব বাদ দেয়া হয়েছে মর্মে দেখা যায়। এ প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের রায় এবং মাউশি অধিদপ্তরের সিদ্ধান্ত অনুযায়ী বর্ণিত ০৬ জন শিক্ষককে বকেয়া প্রদান করা যায় মর্মে প্রতীয়মান হয়।

০৮।  যেহেতু রিট মামলায় গত ২৩.০৮.২০০৯ খ্রি. তারিখের রায়ে বকেয়া প্রদানের নির্দেশনা রয়েছে এবং বকেয়া প্রদান না করায় পিটিশনারগণ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-২১৮/২০১৪ মামলা দায়ের করা হয়েছে সেহেতু রিট মামলার রায় এবং মাউশি অধিদপ্তরের সিদ্ধান্ত অনুযায়ী বর্ণিত ০৬ জন শিক্ষককে বকেয়া প্রদান করা আবশ্যক।

০৯।  এমতাবস্থায়, নিম্নোক্ত মতে ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ২০.০৬.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো:

ক. DME কর্তৃক ০২.১২.২০১৮ খ্রি. তারিখের ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৩.১৮-৩৬২ সংখ্যক পত্রের সুপারিশের প্রেক্ষিতে এবং কনটেম্পট পিটিশন নং-২১৮/২০১৪ (রিট পিটিশন নং-৮৪০৪/২০০৭ মামলা হতে উদ্ভুত) মামলার ২৩.০৮.২০০৯ খ্রি. তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী শরীয়তপুর জেলার গোসাইরহাট উপজেলাধীন চর সামন্তসার মোহসেনিয়া ফাযিল (স্নাতক) মাদ্রাসার অধ্যক্ষসহ নিম্নেবর্ণিত ০৬ (ছয়) জন শিক্ষকের বকেয়া বেতন ভাতা (এমপিও) নিম্নোক্ত ছক মতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | নাম, পদবি ও ইনডেক্স নম্বর | বেতন কোড | বকেয়ার সময়কাল |
|---|---|---|---|
| ০১ | এ. এস. এম এছহাক মিয়া, অধ্যক্ষ, ইনডেক্স নং-০৪০৮৬৭ | ০৫ | ০১.০৫.২০০২ খ্রি. হতে ৩১.০৫.২০১০ পর্যন্ত। |
| ০২ | মো: নাসির উদ্দিন, প্রভাষক (আরবী), ইনডেক্স নং-২০৩২১৯৩ | ০৯ | ০১.০৫.২০০২ খ্রি. হতে ৩০.০৬.২০১০ পর্যন্ত। |
| ০৩ | মো: নূর উদ্দিন, প্রভাষক (ইতিহাস), ইনডেক্স নং-২০২৮৫২১ | ০৯ | ০১.০৫.২০০২ খ্রি. হতে ৩০.০৬.২০১০ পর্যন্ত। |
| ০৪ | মো: আ: হাকিম, প্রভাষক (আরবী), ইনডেক্স নং-২০২৮৫২০ | ০৯ | ০১.০৫.২০০২ খ্রি. হতে ৩০.০৪.২০১১ পর্যন্ত। |
| ০৫ | মো: গোলাম রহমান, প্রভাষক (বাংলা), ইনডেক্স নং-২০৯১০৭৫ | ০৯ | ০১.০৫.২০০২ খ্রি. হতে ৩১.১২.২০১১ পর্যন্ত। |
| ০৬ | মো: ইমরান হোসেন, প্রভাষক (ইংরেজি), ইনডেক্স নং-২০৯১০৭৬ | ০৯ | ০১.০৫.২০০২ খ্রি. হতে ৩১.১২.২০১১ পর্যন্ত। |

খ. পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পিটিশনারগণের বকেয়া হিসাব নির্ণয় করে বর্ণিত সময়ে পূর্ব পদে ভোগকৃত বেতন ভাতাদি (এমপিও) বাদ দিয়ে অবশিষ্ট বকেয়া অর্থ পরিশোধের ব্যবস্থা গ্রহণের বিষয়টি DG, DME কর্তৃক নিশ্চিত করা।

গ. উল্লেখ্য যে, বাস্তব প্রশাসনিক কারণে বর্তমান অর্থবছরে পরিশোধ সম্ভব না হলে আগামী অর্থবছরের বাজেট হতে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা।

ঘ. উপরি-উক্ত ক. খ. ও গ. মতে গৃহীত ব্যবস্থাদির তথ্য পিটিশনারসহ সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিতকরণের মাধ্যমে কনটেম্পট মামলাটি নিষ্পত্তিকরণের পদক্ষেপ গ্রহণ করা।

১০।  অনুচ্ছেদ নং-৯ এ প্রদত্ত নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণক্রমে ২০.০৬.২০১৯ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য সূত্রোক্ত (১০) নং পত্রমূলে মহোদয়-কে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি উক্ত পত্রের উপর **গৃহীত ব্যবস্থার (নিষ্পত্তিকরত: সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিতক্রমে) অর্থাৎ নিষ্পত্তিকরণের তথ্যাদি** অদ্যাবধি জানা যায়নি বিধায় আগামি ৩০/১২/২০২০খ্রি. তারিখের মধ্যে ব্যবস্থা গ্রহণ নিশ্চিতক্রমে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে দ্বিতীয়বার অনুরোধ করা হলো।

২০/১২/২০২০

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১।  মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২।  সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩।  সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪।  অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫।  অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬।  উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৭।  জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
৮।  অধ্যক্ষ, চর সামন্তসার মোহসেনিয়া ফাযিল (স্নাতক) মাদরাসা, গোসাইরহাট, শরীয়তপুর।
৯।  অফিস কপি/মাষ্টার কপি।